# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮১০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ একই রাকাতে দুই সূরা এক সাথে পড়া বৈধ

## ذِكْرُ إِبَاحَةِ جَمْعِ الْمَرْءِ بَيْنَ السُّورَتَيْنِ فِي الركعة الواحدة

আরবী

1810 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا غُنْدَرٌ عَنْ شُعْبَةَ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ مُرَّةَ: أَنَّهُ سَمِعَ أَبَا وَائِلٍ يحدّث أَنَّ رَجُلًا أَتَى ابْنَ مَسْعُودٍ فَقَالَ: إِنِّي قَرَأْتُ المفصَّل اللَّيْلَةَ كُلَّهُ فِي رَكْعَةٍ فَقَالَ عَبْدُ اللَّهِ: هَذَا كَهَذِّ الشِّعْرِ لَقَدْ عَرَفْنَا النَّظَائِرَ الَّتِي كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرِنُ بِهِنَّ فَذَكَرَ عِشْرِينَ سُورَةً مِنَ الْمُفَصَّلِ سُورَتَيْنِ سُورَتَيْنِ فِي ركعة
الراوي : أَبُو وَائِلٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1810 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة))، ((صحيح أبي داود)) (1262)

বাংলা

১৮১০. আবূ ওয়াইল থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে আসেন, অতঃপর বলেন, “আমি গতরাতে এক রাকা‘আতে মুফাস্সালের সবগুলো সূরা পাঠ করেছি।” এটা শুনে আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “এটা তো দ্রুত গতিতে কবিতা আবৃত্তি করার মতো হলো। আমরা দেখেছি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সমজাতীয় সূরাগুলোকে যৌথভাবে পড়তেন।”

অধঃস্তন রাবী বলেন, “অতঃপর তিনি মুফাস্সালের ২০ টি সূরা উল্লেখ করেন, যেগুলি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক রাকা‘আতে দুটি দুটি করে সূরা পাঠ করতেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮২২; আত তায়ালিসী: ২৬৭; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৩৪৬; আবূ আওয়ানা: ২/১৬২; সহীহ আল বুখারী: ৭৭৫; সুনান বাইহাকী: ২/৬০; নাসাঈ: ২/১৭৫; তাবারানী: ৯৮৬৩; মুসনাদ আহমাদ: ১/৩৮০; তিরমিযী: ৬০২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১২৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ ওয়াইল (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91026

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন